

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৭৪

আগরতলা, ০১ অক্টোবর, ২০২৩

অল ত্রিপুরা ডিপ্লোমা ইঞ্জিনিয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে রক্তদান শিবির
রক্তদান শিবির অন্যদেরও রক্তদানে এগিয়ে আসতে অনুপ্রাণিত করে : মুখ্যমন্ত্রী

রক্ত মানব দেহে ঈশ্বর প্রদত্ত শ্রেষ্ঠ উপহার। রক্তের কোনও ধর্ম, লিঙ্গ বা জাত হয় না। রক্ত পৃথকীকরণের মধ্য দিয়ে একজন ব্যক্তির রক্তদানের মাধ্যমে শুধু একজন নয় ৪ জন ব্যক্তি উপকৃত হতে পারেন। তাই রক্তদানের চেয়ে বড় দান আর কিছুই হতে পারেনা। আজ আগরতলা প্রেস ক্লাবে অল ত্রিপুরা ডিপ্লোমা ইঞ্জিনিয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রক্তের গুরুত্ব অপরিসীম। রক্তদানের ফলে রক্তগ্রহীতার মধ্যে এক অনন্য অনুভূতি পরিলক্ষিত হয়। সেই সাথে যিনি রক্ত দিয়েছেন তিনিও পরিতৃপ্ত হন। মানুষ মানুষের জন্য এটা রক্তদানের মাধ্যমে পরিলক্ষিত হয়। মুখ্যমন্ত্রী বলেন, ক্যান্সার, প্রসবজনিত সময়, দুর্ঘটনায় আহতদের জন্য রক্তের প্রয়োজন হয়। তাই রাজ্যে ব্লাড ব্যাংকগুলিতে রক্তের যথাযথ মজুত থাকা প্রয়োজন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রক্তদান সম্পর্কে এখনও সাধারণ মানুষের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। এই ধরনের রক্তদান শিবির অন্যদেরও রক্তদানে এগিয়ে আসতে অনুপ্রাণিত করবে। আজ পয়লা অক্টোবর জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবস। এবারের এই দিবসের মূল ভাবনা ‘রক্ত প্লাজমা দান করুন। জীবনকে সর্বদা ভাগ করুন’। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার পরিকাঠামো উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। এজন্য রাজ্য বাজেটে পরিকাঠামো উন্নয়ন খাতে ব্যয় বরাদ্দ বেশি রাখা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সার্বিক বিকাশ ও পরিকাঠামোর উন্নয়নে ইঞ্জিনিয়ারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করে রক্তদাতাদের উৎসাহিত করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অল ত্রিপুরা ডিপ্লোমা ইঞ্জিনিয়ার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জয়ন্ত চক্রবর্তী। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশনের সভাপতি তাপস মজুমদার। অনুষ্ঠানে স্বেচ্ছায় রক্তদানে বিশেষ ভূমিকা নেওয়ায় গৌতম দেবকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। তিনি মোট ৭১ বার রক্তদান করেছেন। উল্লেখ্য, ৫৬তম ইঞ্জিনিয়ার্স দিবস উদযাপনের অঙ্গ হিসেবে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়।
